দৈনিক খবর

তারিখ 04 OCT 1988
পৃষ্ঠা ...2...

৩৪

05

খবর ২

# 'বই ভিক্ষুক পাঠাগার' ত্রাণ তৎপরতার ওপর বুলেটিন বের করছে

বন্যা '৮৮-এর সর্বগ্রাসী থাবায় বিপন্ন মানবতার সেবায় যে সকল বেসরকারী সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন আত্মনিয়োগ করেছে তাদের কর্মতৎপরতার বিস্তারিত প্রতিবেদন 'বই ভিক্ষুক পাঠাগার' বুলেটিন আকারে প্রকাশ করতে যাচ্ছে। এ ব্যাপারে সমগ্র বাংলাদেশের এ জাতীয় সংগঠনগুলোকে ব্যানারসহ কর্মতৎপরতার ছবি এবং বিস্তারিত প্রতিবেদন আগামী ১০ই অক্টোবর '৮৮-এর মধ্যে 'বই ভিক্ষুক পাঠাগার' ২৩৩, মালিবাগ, ঢাকা-১০২৭— এই ঠিকানায় ডাকযোগে প্রেরণ বা সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তি।